**তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৫**

**বাংলাদেশ ও International Islamic Trade Finance Corporation (ITFC) এর মধ্যে খাদ্য নিরাপত্তা শক্তিশালীকরণে প্রথমবারের মত অর্থায়ন চুক্তি স্বাক্ষর**

অদ্য সৌদি আরবের জেদ্দায় বাংলাদেশ সরকার এবং ইসলামী উন্নয়ন ব্যাংক (IsDB) গ্রুপের একটি সদস্য সংস্থা ITFC এর মধ্যে দুটি গুরুত্বপূর্ণ অর্থায়ন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তিগুলি বাংলাদেশের সার আমদানির ক্ষেত্রে সহায়তা করবে যা দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে আশা করা যায়। চুক্তিগুলোর মধ্যে রয়েছে মাস্টার মুরাবাহা অর্থায়ন চুক্তি এবং সিন্ডিকেটেড মুরাবাহা অর্থায়ন সুবিধা, যার মাধ্যমে ITFC প্রাথমিক পর্যায়ে ১০০ মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন করবে। উল্লেখ্য, ITFC এর অর্থায়নের মাধ্যমে প্রতি বছর বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) জ্বালানী আমদানি করে আসছে। এবারে সার আমদানিতে প্রথমবারের মত গৃহীত এই উদ্যোগটি বাংলাদেশের খাদ্য নিরাপত্তা অর্জনে সহায়ক হবে। বর্ণিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশের ৩ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদলের নেতৃত্ব দেন জনাব মোঃ শাহ্‌রিয়ার কাদের ছিদ্দিকী, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। অন্য সদস্যগণ হলেন ড. মোঃ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয় এবং জনাব মোঃ কবির আহমেদ, ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব বাংলাদেশের পক্ষে মাস্টার মুরাবাহা অর্থায়ন চুক্তিতে স্বাক্ষর করেন এবং কৃষি মন্ত্রণালয়ের সচিব সিন্ডিকেটেড মুরাবাহা অর্থায়ন সুবিধায় স্বাক্ষর করেন। অনুষ্ঠানে জনাব মোঃ শাহ্‌রিয়ার কাদের ছিদ্দিকী বিভিন্ন সেক্টরে ITFC-এর সহয়তার গুরুত্ব তুলে ধরেন এবং বাংলাদেশের জ্বালানী ও খাদ্য নিরাপত্তা বাড়ানোর ক্ষেত্রে এ সংস্থার অব্যাহত সহযোগিতার আশাবাদ ব্যক্ত করেন। এ চুক্তি স্বাক্ষরে বাংলাদেশের টেকসই উন্নয়নে এবং কৌশলগত লক্ষ্য অর্জনে আন্তর্জাতিক অংশীদারিত্বের গুরুত্ব ও প্রতিশ্রুতি প্রতিভাত হয়।

১০/০৯/২০২৫

ফারজানা আলম
সিনিয়র সহকারী সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার